# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তিকে সাজদায় চেহারা মাটিতে রাখার নির্দেশ কেননা এটি আল্লাহর প্রতি বিনীত হওয়া প্রকাশ করে

ذِكْرُ الْأَمْرِ أَنْ يَقْصِدَ الْمَرْءُ فِي سُجُودِهِ التُّرَابَ إِذِ اسْتِعْمَالُهُ يُؤَدِّي إِلَى التَّوَاضُعِ لِلَّهِ جل وعلا

---

আরবী

1910 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ يَحْيَى الشَّحَّامُ بِالرِّيِّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُسْلِمِ بْنِ وَارَةَ حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ رَوْحٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَرْبٍ عَنِ الزُّبَيْدِيِّ عَنْ عَدِيِّ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدَ عَنْ أَبِي صَالِحٍ مَوْلَى آلِ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ قَالَ: كُنْتُ عِنْدَ أُمِّ سَلَمَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَاهَا ذُو قَرَابَتِهَا غُلَامٌ شَابٌّ ذُو جُمَّةٍ فَقَامَ يُصَلِّي فَلَمَّا ذَهَبَ لِيَسْجُدَ نَفَخَ فَقَالَتْ لَا تَفْعَلْ فَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ لِغُلَامٍ لَنَا أَسْوَدَ: (يَا رَبَاحُ تَرِّبْ وجهك)
الراوي : أَبُو صَالِحٍ مَوْلَى آلِ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1910 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((الضعيفة)) (5485).

বাংলা

১৯১০. তালহা বিন উবাইদুল্লাহর পরিবারের আজাদকৃত গোলাম আবূ সালিহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রী উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহার কাছে ছিলাম, এমন সময় তার কাছে তার নিকটাত্নীয় এক যুবক আসেন, যার লম্বা লম্বা চুল ছিল। অতঃপর তিনি সালাত আদায় করার জন্য দাঁড়িয়ে যান। অতঃপর যখন তিনি সাজদা করতে যান, তখন তিনি ফুঁ দেন। তখন উম্মু  সালামা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “এরকম করো না। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের এক কালো গোলামকে বলতেন, “হে রাবাহ, তুমি তোমার চেহারাকে মাটির সাথে লাগাও।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩২৩; তিরমিযী: ৩৮১; তাবারানী আল কাবীর: ২৩/৭৪৩; সুনান বাইহাকী: ২/২৫২; হাকিম: ১/২৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আয যঈফা: ৫৪৮৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সালিহ যায়য়্যাত (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91126

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন